

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১২.২২.১৪৮

তারিখ: ১২ মাঘ ১৪২৯

২৬ জানুয়ারি ২০২৩

বিষয়: চট্টগ্রাম বিভাগে বিভিন্ন খাতে বিলি বিতরণের জন্য ডিআরটিসির মাধ্যমে মোট ৩৮০০ মে.টন বোরো'২২ সিদ্ধ চালের চলাচল সূচি জারির পূর্বানুমোদন প্রদান

সূত্র: আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম এর ২৬-০১-২০২৩ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.২১০.৫১.০০২.২২-৩১৪ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জি টু জি চুক্তির আওতায় আমদানিকৃত আতপ চাল, সিদ্ধ চাল ও গমবাহী চট্টগ্রাম বন্দরে আগত/আগতব্য জাহাজ খালাসের জন্য চট্টগ্রামস্থ দু'টি সিএসডিসহ বিভিন্ন এলএসডিতে সূচি জারি করা হচ্ছে। চট্টগ্রামস্থ সিএসডিদ্বয়ে খালিস্থান সৃষ্টির জন্য এবং প্রাপক কেন্দ্রে বিতরণযোগ্য সিদ্ধ চালের মজুত গড়ে তোলার নিমিত্ত মোট ৩৮০০ মে.টন বোরো'২২ সিদ্ধচাল ডিআরটিসির মাধ্যমে চলাচল সূচি জারির অনুমোদন প্রদানের জন্য আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম কর্তৃক সূত্রস্থ স্মারকে নিম্নোক্তভাবে অনুরোধ করা হয়েছে।

এমতাবস্থায়, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম এর প্রস্তাবমতে জি টু জি চুক্তির আওতায় আমদানিকৃত আতপ চাল, সিদ্ধচাল ও গমবাহী চট্টগ্রাম বন্দরে আগত/আগতব্য চাল ও গমবাহী জাহাজ খালাসের লক্ষ্যে চট্টগ্রামস্থ সিএসডিদ্বয়ে খালিস্থান সৃষ্টির জন্য এবং প্রাপক কেন্দ্রে বিতরণযোগ্য সিদ্ধ চালের মজুত গড়ে তোলার নিমিত্ত হালিশহর সিএসডি হতে ২৩০০ মে.টন ও দেওয়ানহাট সিএসডি হতে ১৫০০ মে.টনসহ মোট ৩৮০০ মে.টন বোরো'২২ সিদ্ধচাল ডিআরটিসির মাধ্যমে সূচি জারির প্রস্তাবের অনুমোদন নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের শর্তে নির্দেশক্রমে প্রদান করা হলো:

ক্র. নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	চট্টগ্রাম	হালিশহর সিএসডি	কুমিল্লা	ধর্মপুর এলএসডি	৫০০	বোরো'২২ সিদ্ধ চাল	সড়ক পথ	
২.	ঐ	ঐ	ঐ	চকবাজার এলএসডি	২০০	ঐ	ঐ	
৩.	ঐ	ঐ	ঐ	চৌদ্দগ্রাম এলএসডি	২০০	ঐ	ঐ	
৪.	ঐ	ঐ	ঐ	বরুড়া এলএসডি	২০০	ঐ	ঐ	
৫.	ঐ	ঐ	ফেনী	ফেনী এলএসডি	২০০	ঐ	ঐ	
৬.	ঐ	ঐ	নোয়াখালী	চরবাটা এলএসডি	২০০	ঐ	ঐ	
৭.	ঐ	ঐ	ঐ	সোনাইমুড়ী এলএসডি	৩০০	ঐ	ঐ	
৮.	ঐ	ঐ	ঐ	চাটখিল এলএসডি	২০০	ঐ	ঐ	
৯.	ঐ	ঐ	কক্সবাজার	রামু এলএসডি	৩০০	ঐ	ঐ	
				মোট =	২৩০০			
১০.	ঐ	দেওয়ানহাট সিএসডি	কুমিল্লা	ধর্মপুর এলএসডি	৫০০	ঐ	ঐ	

১১.	ঐ	ঐ	ঐ	চান্দিনা এলএসডি	৩০০	ঐ	ঐ	
১২.	ঐ	ঐ	বি-বাড়ীয়া	নবীনগর এলএসডি	১০০	ঐ	ঐ	
১৩.	ঐ	ঐ	ফেনী	দাগনভূইয়া এলএসডি	২০০	ঐ	ঐ	
১৪.	ঐ	ঐ	নোয়াখালী	সেনবাগ এলএসডি	২০০	ঐ	ঐ	
১৫.	ঐ	ঐ	লক্ষ্মীপুর	চরআলেকজান্ডার এলএসডি	২০০	ঐ	ঐ	
				মোট =	১৫০০			
				সর্বমোট =	৩৮০০			

### নির্দেশনাসমূহ:

(১) খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮ অনুসরণপূর্বক উক্ত সূচি বাস্তবায়ন করতে হবে;

(২) পূর্বানুমোদনের আওতায় চালের খামাল গঠন হওয়ার পর তদারককারী কর্মকর্তা কর্তৃক এলএসডি'র মজুত যাচাই ও কারিগরি খাদ্য পরিদর্শক কর্তৃক খামাল সার্ভেপূর্বক বিনির্দেশ সম্পন্ন বিশ্লেষণ প্রতিবেদন জারির পর পর্যায়ক্রমে সূচি জারি করতে হবে;

(৩) 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর মহোদয় স্বাক্ষরিত ১১-০৫-২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন এবং 'এলএসডি'র/সিএসডি'র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত নির্দেশনা' বিষয়ক ১৮-০৪-২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৩৫৪ নং স্মারক, ২৯-১১-২০২১ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.১২২৪ নং স্মারক, ২২-০৫-২০২২ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৪৭৮ নং ও ২১-১২-২০২২ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.১৪৬৫ স্মারকের পত্র কঠোরভাবে অনুসরণ করতে হবে।

(৪) এছাড়া ০৯-০৫-২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৭.০০২.০৯.৯৯৮ নং স্মারকে অভ্যন্তরীণ খাদ্যশস্য নীতিমালা, ২০১৭ এর ১৩(গ) অনুচ্ছেদ এবং খাদ্য অধিদপ্তরের উল্লিখিত স্মারকের নির্দেশনা অনুযায়ী সকল খাদ্য গুদামে চুক্তিবদ্ধ মিলার কর্তৃক সরবরাহতব্য চালের বস্তার অপর পীঠে ডিজিটাল স্টেন্সিলের স্পষ্ট ছাপ দেওয়ার যথাযথ প্রক্রিয়া অনুসরণ করতে হবে;

(৫) এই পূর্বানুমোদনের আওতায় জারিকৃত সূচি মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮-০৬-২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে জারি করতে হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



২৬-১-২০২৩

মোঃ ফজলে রাকী হায়দার

উপপরিচালক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১২.২২.১৪৮/১(৫)

তারিখ: ১২ মাঘ ১৪২৯  
২৬ জানুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৫) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)



২৬-১-২০২৩

মোঃ ফজলে রাব্বী হায়দার  
উপপরিচালক